



ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড
DHAKA POWER DISTRIBUTION COMPANY LIMITED
(An Enterprise of the Government of the People's Republic of Bangladesh)
Web-site: www.dpdc.org.bd

দপ্তর
নির্বাহী পরিচালক (অপারেশন)
বিদ্যুৎ ভবন (৩য় তলা)
১ নং আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
ফোনঃ ০২-২২৩৩৮৩৪০৭
E-mail: edo@dpdc.org.bd

স্মারক নং-৮৭.২০১.৪২৪.০০.০০.০০৬.২০১৯-২৬

তারিখ: ১৯/০৮/২০২১ ইং।

বিষয়ঃ ডিপিডিসি'র এপিএ টিমের ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি জনাব আবদুর রউফ খান, নির্বাহী পরিচালক (অপারেশন), ডিপিডিসি।
সভার তারিখ ১৭/০৮/২০২১ খ্রি.
সভার সময় ০৩.৩০ টায়
স্থান নির্বাহী পরিচালক (অপারেশন), ডিপিডিসি এর দপ্তর কক্ষ
উপস্থিতি সভায় নির্বাহী পরিচালক (প্রকৌশল), নির্বাহী পরিচালক (আইসিটি এন্ড প্রকিউরমেন্ট), মহাব্যবস্থাপক (এইচআর / আইসিটি), প্রধান প্রকৌশলী, এনওসিএস (নর্থ/সাউথ/সেন্ট্রাল/উন্নয়ন), উপ-মহাব্যবস্থাপক (অর্থ), রেগুলেটরি অ্যাফেয়ার্স এবং ব্যবস্থাপক, অর্থ (এফএমএ) উপস্থিত ছিলেন।

আলোচ্যসূচি: ১) ডিপিডিসি'র সকল এনওসিএস দপ্তরের ২০২১-২০২২ অর্থবছরের এপিএর লক্ষ্যমাত্রা নির্ধারণ।

২) ডিপিডিসি'র সকল দপ্তরের মধ্যে এপিএ চুক্তি স্বাক্ষরের অগ্রগতি সম্পর্কে আলোচনা।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি আলোচ্যসূচি অনুযায়ী অগ্রসর হওয়ার জন্য সদস্য সচিব, এপিএ মূল কমিটি-কে আহবান জানান। সভাপতি মহোদয়ের অনুমোদনক্রমে সদস্য সচিব ১ নং আলোচ্যসূচি সভায় উপস্থাপন করেন।

আলোচ্যসূচি: ১) ডিপিডিসি'র সকল এনওসিএস দপ্তরের ২০২১-২০২২ অর্থবছরের এপিএ'র লক্ষ্যমাত্রা নির্ধারণ।

আলোচনা:

সদস্য সচিব, এপিএ মূল কমিটি সভাকে অবহিত করেন যে, বিগত ৩০ জুন, ২০২১ খ্রি. তারিখে বিদ্যুৎ সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় এবং ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি মহোদয়ের মধ্যে ২০২১-২০২২ অর্থবছরের এপিএ চুক্তি স্বাক্ষরিত হয়েছে এবং যথারীতি ডিপিডিসি'র ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। এছাড়াও ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি মহোদয়ের সাথে নির্বাহী পরিচালক মহোদয়গণের মধ্যে এপিএ চুক্তি স্বাক্ষরিত হয়েছে এবং ডিপিডিসি'র ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। সে ধারাবাহিকতায় অন্যান্য সকল দপ্তরের এপিএ চুক্তি স্বাক্ষর করা আবশ্যিক। অতি সম্প্রতি জুন, ২০২১ মাসের সিস্টেম লস, বকেয়া হ্রাস, আদায়-বিল অনুপাত প্রভৃতি চূড়ান্ত করা হয়েছে। সে কারণে সকল এনওসিএস দপ্তরের ২০২১-২০২২ অর্থবছরের এপিএ'র লক্ষ্যমাত্রা নির্ধারণ করা আবশ্যিক। এ পর্যায়ে নির্বাহী পরিচালক (অপারেশন) ও এপিএ টিম লিডার, ডিপিডিসি মহোদয় বলেন যে, বিদ্যুৎ বিভাগ কর্তৃক নির্ধারিত লক্ষ্যমাত্রা ডিপিডিসি'র সকল এনওসিএস দপ্তরের মধ্যে যুক্তিসংগতভাবে বন্টন করা প্রয়োজন। তিনি এ বিষয়ে অগ্রগতি সম্পর্কে জানতে চান।

সিস্টেম লস

মহাব্যবস্থাপক (আইসিটি) সভাকে অবহিত করেন যে, সকল এনওসিএস দপ্তরের বিগত ৫ বছরের গ্রাহকদের বিদ্যুৎ ব্যবহারের বর্ধিত চাহিদা, বিদ্যুৎ আমদানির পরিমাণ ও ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রা বিবেচনা করে সিস্টেম লসের লক্ষ্যমাত্রা সভায় উপস্থাপন করেন। উপস্থিত এনওসিএস (নর্থ/সাউথ/সেন্ট্রাল) দপ্তরের প্রধান প্রকৌশলীগণ বলেন যে, যে পদ্ধতিতে সিস্টেম লসের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে, তা যথেষ্ট যুক্তিসংগত। সিস্টেম লসের এ লক্ষ্যমাত্রাগুলিকে চূড়ান্ত করার পক্ষে মতামত দেন।

বিদ্যুৎ কালেকশন-বিল ও বকেয়া হ্রাস

মহাব্যবস্থাপক (আইসিটি) সভাকে অবহিত করেন যে, সকল এনওসিএস দপ্তরের বিগত ৫ বছরের গ্রাহকদের বিদ্যুৎ বিল প্রদানের হার, সরকারি ও বেসরকারি বকেয়া আদায়ের হার বিশেষকরে কিছু গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানের বকেয়া ও চলতি বিল অনাদায় সংযোগ বিচ্ছিন্নকরণে সমস্যা, মামলা আছে এমন গ্রাহকদের সংযোগ বিচ্ছিন্নকরণে আইনগত জটিল প্রভৃতিকে বিবেচনায় নিয়ে বিদ্যুৎ

